

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ -১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.hajj.gov.bd


নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১.৬৯৩

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯  
০১ জুন ২০২২

**২০২২ সালে হজ কার্যক্রম পরিচালনাকারী বেসরকারি হজ এজেন্সিসমূহের জন্য জরুরি বিজ্ঞপ্তি।**

এতদ্বারা ২০২২ সনে হজ মৌসুমে হজ কার্যক্রম পরিচালনাকারী বেসরকারি হজ এজেন্সিসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৫.০৬.২০২২ তারিখ হতে ২০২২ সালের হজযাত্রীদের হজ ফ্লাইট শুরু হচ্ছে। ইতোমধ্যে রাজকীয় সৌদি সরকারের পক্ষ থেকে হজযাত্রীগণের ভিসা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। ২০২২ সালে হজযাত্রী পরিবহনকারী এয়ারলাইন্সসমূহ তাদের হজ ফ্লাইট সিডিউল ঘোষণা করেছে। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে এবং সম্মানিত হজযাত্রীগণের বিমান যাত্রা নির্বিঘ্ন করার লক্ষ্যে হজযাত্রীগণের ভিসা প্রসেসিং, বিমান টিকিট ক্রয়সহ অন্যান্য অসম্পূর্ণ কাজ আগামী ০৬.০৬.২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। পাশাপাশি আগামী এর মধ্যে কোন কার্যক্রম অসম্পূর্ণ থাকলে তা সংশ্লিষ্ট হজ এজেন্সির দায়িত্ব পালনে অবহেলা হিসেবে গণ্য করা হবে এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনক্রমেই বিমান টিকিট এবং ভিসায়ুক্ত পাসপোর্ট ব্যতীত কোন হজযাত্রী হজ অফিস, আশকোনা, ঢাকায় রিপোর্ট করতে পারবে না। একই সঙ্গে ২০২২ সালে বেসরকারি ব্যবস্থাপনাধীন হজ পালনে ইচ্ছুক হজযাত্রীগণকে তাদের যাবতীয় কার্যক্রম সংশ্লিষ্ট এজেন্সি ইতোমধ্যে সম্পন্ন করেছে কি না তা ব্যক্তিগতভাবে এজেন্সির সঙ্গে যোগাযোগপূর্বক নিশ্চিত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য, যে সকল হজ এজেন্সির হজযাত্রীগণের বিমান ফ্লাইট আগামী ০৫-০৬ মে, ২০২২ তারিখ নির্ধারিত আছে সে সকল হজ এজেন্সি তাদের হজযাত্রীদের বিমান টিকিট বুকিংকরত: উক্ত তথ্য আগামীকাল ০২.০৬.২০২২ তারিখ বিকাল ০৪.০০ টার মধ্যে akm.shaheen@gmail.com ইমেইল ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০২.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব  
ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮  
ইমেইল: [morahajsection@gmail.com](mailto:morahajsection@gmail.com)